# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)


**অর্থনীতি- দ্বিতীয় পত্র**

বিষয় কোড : | ১ | ১ | ০ |

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট — **সৃজনশীল প্রশ্ন** — পূর্ণমান: ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]*

**১.** ★





ক. অবকাঠামো কাকে বলে? ১

খ. বাংলাদেশের ভৌগোলিক অবস্থান ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের 'ক' অংশে যা নির্দেশ করছে তার পরিপ্রেক্ষিতে বাংলাদেশের বর্তমান অবস্থা কীরূপ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে নির্দেশিত 'ক' বিষয়টির সম্ভাবনাকে কাজে লাগিয়ে অর্থনৈতিক অগ্রগতি সম্ভব। বিশ্লেষণ কর। ৪

**২.** ▶




ক. কৃষিপণ্য বিপণন কাকে বলে? ১

খ. কৃষিতে ICT গুরুত্বপূর্ণ কেন? ২

গ. উদ্দীপকে নির্দেশিত 'ক' খামারের ধরন ব্যাখ্যা কর। ৩

ঘ. উভয় খামারের উৎপাদনকার্য পরিচালনা ও উপকরণের দক্ষ ব্যবহার বাংলাদেশের প্রেক্ষিতে মূল্যায়ন কর। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

৩. ★ 'ক' একটি জনবহুল উন্নয়নশীল দেশ। দেশটিতে বাণিজ্য ঘাটতি বিরাজমান। এ পরিস্থিতি মোকাবিলার লক্ষ্যে সরকার একটি বিশেষ শিল্প প্রতিষ্ঠার সিদ্ধান্ত নেয় যা বৈদেশিক মুদ্রা সাশ্রয়সহ দেশীয় শিল্পের বিকাশে সাহায্য করবে।

ক. শিল্প কী? ১

খ. PPP শিল্পোন্নয়নে সহায়ক'— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কোন শিল্প প্রতিষ্ঠার কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দেশীয় শিল্পের বিকাশে উদ্দীপকে বর্ণিত শিল্পের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৪. ▶ দেশে কর্মসংস্থান ও বৈদেশিক মুদ্রা অর্জনকারী শিল্প হিসেবে এই শিল্পটি সর্বাধিক গুরুত্ব বহন করছে। শুল্ক বাধা, বিদ্যুৎ সরবরাহে অনিশ্চয়তা, আর্থিক ঋণ সুবিধা অনুপস্থিতসহ নানাবিধ সমস্যা এ শিল্পের উন্নয়নে বাধার সৃষ্টি করছে। তথাপি, সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপ এই শিল্পের ভবিষ্যৎ সম্ভাবনাকে উজ্জ্বল করেছে।

ক. মাইক্রো শিল্প কী? ১

খ. পাট শিল্প তার গৌরব হারিয়েছে— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে নির্দেশিত শিল্পটির সমস্যা সমাধানের উপায়সমূহ ব্যাখ্যা কর। ৩

ঘ. "বাংলাদেশে উক্ত শিল্প এক উজ্জ্বল সম্ভাবনাময় শিল্প"— বিশ্লেষণ কর। ৪

৫. ▶ বাংলাদেশের বিভিন্ন স্থানে পর্যাপ্ত পরিমাণে উন্নত খাদ্যের যোগান থাকা সত্ত্বেও বহু লোক উক্ত খাদ্য সংগ্রহে সমর্থ হচ্ছে না। ফলে অনাহার অপুষ্টিতে ভুগছে। জলবায়ুগত পরিবর্তনের কারণে বাংলাদেশের কৃষিখাত সবচেয়ে বেশি বিপর্যস্ত হচ্ছে, যা খাদ্য নিরাপত্তাকে আরো বিঘ্নিত করছে। এ লক্ষ্যে সরকার কৃষিক্ষেত্রে খাদ্য উৎপাদন, মজুদ ও আমদানি কর্মসূচি গ্রহণ করেছে।

ক. ভেজাল খাদ্য কী? ১

খ. "খাদ্য নিরাপদকরণে জনসাধারণের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত দেশটির বহুলোক অনাহারে ভুগছে কেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. কৃষিক্ষেত্রে সরকারের গৃহীত কর্মসূচি কি খাদ্য নিরাপত্তা অর্জনে যথেষ্ট? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬. ★ 'A' বাজারে যখন সুদের হার উচ্চ থাকে 'B' বাজারে তখন মন্দাভাব বিরাজ করে। 'A' বাজারের মাধ্যমে অর্থায়নে ক্রেতা ঋণদাতায় পরিণত হয়, আর 'B' বাজারের ক্রেতা আর্থিক মালিকানা লাভ করে। তবে 'B' বাজার একটি দেশের অর্থনৈতিক উন্নয়নের গতিকে ত্বরান্বিত করার জন্য বিনিয়োগকারীদের সঞ্চয় প্রবণতা, দেশের মূলধন গঠন বৃদ্ধির হার ও গতিশীলতা আনয়নে ভূমিকা রাখে।

Teachingbd24.com

https://teachingbd24.com


ক. বোনাস শেয়ার কী? ১

খ. উন্নয়নশীল দেশে অর্থায়নের উৎস হিসেবে বৈদেশিক প্রত্যক্ষ বিনিয়োগের ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'A' ও 'B' বাজারের মধ্যে পার্থক্য নির্দেশ কর। ৩

ঘ. উদ্দীপকের শেষ লাইনের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৭. ★




ক. ভোক্তার মূল্য সূচক কী? ১

খ. মুদ্রাস্ফীতি সব সময় খারাপ নয়— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে দ্রব্যের দাম $P_1$ থেকে $P_2$ হওয়ায় যে পরিস্থিতির উদ্ভব হয়েছে তার কারণগুলো ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে সরকারের প্রত্যক্ষ কার্যক্রমের কার্যকারিতা বিশ্লেষণ কর। ৪

৮. ▶ 'ক' একটি উন্নয়নশীল দেশ। উক্ত দেশে ১৯১০ সালে জনসংখ্যা ছিল ২ কোটি। ১৯৩৫ সালে এসে জনসংখ্যা বৃদ্ধি পেয়ে হয় ৪ কোটি। একই সময় ব্যবধানে জনসংখ্যার এ হার অব্যাহত থাকলেও দেশটিতে খাদ্য উৎপাদন সে হারে হয়নি। তাই দেশটিতে খাদ্য ঘাটতিসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ দেখা দেয়।

ক. আত্মকর্মসংস্থান কী? ১

খ. "তথ্যপ্রযুক্তির ব্যবহার মানবসম্পদ উন্নয়নে ভূমিকা রাখে"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের 'ক' দেশের সাথে অর্থনীতিতে আলোচ্য কোন তত্ত্বটি সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে বাংলাদেশের জনসংখ্যা পরিস্থিতি বিশ্লেষণ কর। ৪

৯. ▶ বাংলাদেশের পণ্য রপ্তানি ও আমদানি পরিস্থিতি: (মিলিয়ন মার্কিন ডলার)

| আয়/ব্যয় | ২০০৯-১০ | ২০১০-১১ |
|---|---|---|
| পণ্য রপ্তানি বাবদ আয় | ১৬২০৪.৬৫ | ২২৯২৪.৩৮ |
| পণ্য আমদানি বাবদ ব্যয় | ২৩৭৩৮.০০ | ৩৩৬৫৮.০০ |

ক. বৈদেশিক সাহায্য কী? ১


https://teachingbd24.com

খ. অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাণিজ্যের মধ্যে পার্থক্য বিদ্যমান—ব্যাখ্যা কর। ২
গ. উল্লিখিত তথ্যের আলোকে বাংলাদেশের বৈদেশিক বাণিজ্যের স্তম্ভচিত্র অঙ্কন কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যবধান কমানোর জন্য বৈদেশিক সাহায্য নাকি বৈদেশিক বাণিজ্য কোনটি উত্তম? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১০. ★ বাংলাদেশের সরকার প্রতি বছরই দেশের ক্রমবর্ধমান চাহিদার সাথে সংগতি রেখে তার বাজেটের আকার বৃদ্ধি করছে। এই বিশাল বাজেটের ঘাটতি ব্যয়ে অর্থসংস্থানের জন্য সরকার যেমন কর রাজস্বের ওপর নির্ভর করে তেমনি উক্ত অর্থ যথেষ্ট না হলে ঋণের ওপরও নির্ভর করতে বাধ্য হয়। তবে অভ্যন্তরীণ ঋণের তুলনায় বৈদেশিক ঋণ সব সময় মঙ্গলজনক নয়।

ক. সরকারি অর্থব্যবস্থার সংজ্ঞা দাও। ১
খ. মূল্যসংযোজন কর ও আয় করের মধ্যে পার্থক্য নির্দেশ কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত উৎস ব্যতীত সরকারের রাজস্বের অন্য উৎসটি কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাজেটে অর্থ সংস্থানের ক্ষেত্রে ঋণের উৎসদ্বয়ের মধ্যে তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

১১. ▶




ক. ৬ষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনার মেয়াদকাল কোনটি? ১
খ. নির্দেশভিত্তিক পরিকল্পনায় অবাধ বাজার প্রক্রিয়াকে প্রশ্রয় দেয়া হয় না— ব্যাখ্যা কর। ২
গ. 'ক' পরিকল্পনার সাথে 'খ' পরিকল্পনার পার্থক্য লেখ। ৩
ঘ. উভয় প্রকার পরিকল্পনাই একটি দেশের সার্বিক উন্নয়নকে ত্বরান্বিত করে— ব্যাখ্যা কর। ৪

https://teachingbd24.com

## অর্থনীতি দ্বিতীয় পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট　　পূর্ণমান — ৩০　　বিষয় কোড: ১ ১ ০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. **প্রাচীন বাংলায় ধন-সম্পদের উৎস ছিল কয়টি?**
ⓚ ২টি　ⓚh ৩টি
ⓖ ৪টি　ⓖh ৫টি

২. **বাংলাদেশের অতিরিক্ত জনসংখ্যা অর্থনীতির ক্ষেত্রে—**
i. প্রবৃদ্ধি বাড়িয়েছে　ii. চাপ সৃষ্টি করেছে
iii. উন্নয়নের গতি মন্থর করেছে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii　ⓚh i ও iii
ⓖ ii ও iii　ⓖh i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও:**
শিক্ষক শ্রেণিকক্ষে ছাত্রছাত্রীদের পৃথিবীর মানচিত্রে দক্ষিণ এশিয়ার একটি দেশ দেখালেন। দেশটি পৃথিবীর বৃহত্তম ব-দ্বীপ এবং জনসংখ্যার দিক থেকে অষ্টম বৃহত্তম দেশ।

৩. **উদ্দীপকে উল্লিখিত দেশটির নাম কী?**
ⓚ ভুটান　ⓚh নেপাল
ⓖ মায়ানমার　ⓖh বাংলাদেশ

৪. **দেশটির উত্তরে ভারতের কোন রাজ্য অবস্থিত?**
i. পশ্চিমবঙ্গ
ii. আসাম　iii. মেঘালয়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii　ⓚh i ও iii
ⓖ ii ও iii　ⓖh i, ii ও iii

৫. **স্বাধীনতার পর কোন সালে সব বস্ত্রকল জাতীয়করণ করা হয়?**
ⓚ ১৯৭২ সালে　ⓚh ১৯৭৩ সালে
ⓖ ১৯৭৪ সালে　ⓖh ১৯৭৮ সালে

৬. **মেলামাইন ও চীনামাটির বাসনপত্র কোন শিল্পের উৎপাদিত দ্রব্য?**
ⓚ মাঝারি শিল্প　ⓚh বৃহদায়তন শিল্প
ⓖ ক্ষুদ্র শিল্প　ⓖh কুটির শিল্প

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:**
দ্বাদশ শ্রেণির সজল তার বন্ধুদের সাথে চন্দ্রঘোনায় বেড়াতে গিয়ে বাংলাদেশের একটি উল্লেখযোগ্য শিল্প পরিদর্শন করে।

৭. **সজলের দেখা শিল্পটি কত সালে প্রতিষ্ঠিত হয়?**
ⓚ ১৯৫১ সালে　ⓚh ১৯৫৩ সালে
ⓖ ১৯৬১ সালে　ⓖh ১৯৭৪ সালে

৮. **উক্ত শিল্পের কাঁচামাল হলো—**
i. স্থানীয় বাঁশ　ii. স্থানীয় বেত
iii. স্থানীয় আখের ছোবড়া
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii　ⓚh i ও iii
ⓖ ii ও iii　ⓖh i, ii ও iii

৯. **মুনাফা অর্জন কোন ধরনের খামারের উদ্দেশ্য?**
ⓚ জীবননির্বাহী　ⓚh বাণিজ্যিক
ⓖ সমবায়　ⓖh বহুমুখী

১০. **সাদা সোনা বলা হয় কোনটিকে?**
ⓚ ইলিশ　ⓚh সুতা
ⓖ চিংড়ি　ⓖh তুলা

১১. **শস্য বহুমুখীকরণের ফলে—**
i. জমির উর্বরতা বজায় থাকে
ii. কৃষি উৎপাদন বৃদ্ধি পায়
iii. কৃষিতে ঝুঁকির মাত্রা বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i　ⓚh i ও ii　ⓖ ii ও iii　ⓖh i ও iii

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও:**
মিলন মিয়া তার কিছু জমিতে ধান চাষ করেন, কিছু জমিতে শাকসবজি চাষ করেন। এবং একটি জমিতে পোল্টি ফার্ম গড়ে তুলেছেন। আরেকটি জমিতে গত মাসে ডেইরি ফার্ম গড়ে তোলার জন্য কৃষি ব্যাংক থেকে ঋণ গ্রহণ করেছেন।

১২. **উদ্দীপক অনুযায়ী মিলন মিয়া নিচের কোন ধরনের খামার পদ্ধতিতে চাষাবাদ করছেন?**
ⓚ একমুখী　ⓚh বহুমুখী
ⓖ মিশ্র　ⓖh যৌথ

১৩. **উদ্দীপক অনুযায়ী ঋণ করার ফলে মিলন মিয়া—**
i. স্বাবলম্বী হয়ে উঠবে
ii. বাণিজ্যি খামারের অধিকারী হবে
iii. প্রান্তিক কৃষকে পরিণত হবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i　ⓚh iii
ⓖ i ও ii　ⓖh ii ও iii

১৪. **$M = \frac{A - O}{O}$ সমীকরণে $M > 0$ হলে নিচের কোনটিকে নির্দেশ করে?**
ⓚ শূন্য জনসংখ্যা　ⓚh নিম্ন জনসংখ্যা
ⓖ অধিক জনসংখ্যা　ⓖh কাম্য জনসংখ্যা

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও:**
Z দেশের জনসংখ্যার CBR = 20, CDR = 10, বহিরাগমন হার (I) = 2 এবং বহির্গমন হার (E) = 81।

১৫. **উদ্দীপক অনুযায়ী Z দেশের জনসংখ্যা বৃদ্ধির হার নিচের কোনটি?**
ⓚ ০.০৮　ⓚh ০.৮০
ⓖ ৮.০　ⓖh ১.৬

Teachingbd24.com

১৬. উদ্দীপকের তথ্য অনুযায়ী, Z দেশটিতে জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধির হার কার্যকর হলে, নিচের কোন ধরনের দেশ বলা যায়?
ⓚ শূন্য জনসংখ্যা বৃদ্ধি ⓚ কাম্য জনসংখ্যার
ⓖ অধিক জনসংখ্যার ⓖ নিম্ন জনসংখ্যার

১৭. খাদ্য নিরাপত্তা অর্জনের কোনটি সর্বোত্তম ব্যবস্থা?
(ক) খাদ্য উৎপাদন (খ) খাদ্য আমদানি
(গ) খাদ্য বণ্টন (ঘ) খাদ্য সংরক্ষণ

১৮. FAO কোন ধরনের সংস্থা?
(ক) স্বাস্থ্য সম্পর্কিত (খ) খাদ্য ও কৃষি সম্পর্কিত
(গ) শিক্ষা সম্পর্কিত (ঘ) জনসংখ্যা সম্পর্কিত

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও:**
আব্দুল অধিক মুনাফার লোভে খাদ্যে ভেজাল মেশায়। যখন ভেজাল বিরোধী অভিযান চলে তখন কয়দিন সে এ কাজ থেকে বিরত থাকে। অভিযান বন্ধ হলেই পূর্বের অবস্থায় ফিরে যায়।


১৯. উদ্দীপকে বর্ণিত অভিযান দ্বারা কোনটি নিশ্চিত করা যায়?
(ক) খাদ্যের উৎপাদন (খ) জনসচেতনতা
(গ) দ্রব্যমূল্যের নিয়ন্ত্রণ (ঘ) নিরাপদ খাদ্য

২০. আব্দুলের কর্মকাণ্ড রোধে কার্যকর হতে হবে—
i. বিচার ব্যবস্থা
ii. জনসচেতনতা বৃদ্ধি iii. কৃষি উৎপাদন বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২১. সরকারি ব্যয়ের উদ্দেশ্য হলো—
i. মুনাফা অর্জন
ii. জনকল্যাণ iii. মানবসম্পদ উন্নয়ন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২২. ★ মুদ্রাস্ফীতির বৈশিষ্ট্য হলো—
i. দামস্তর ক্রমাগত বৃদ্ধি
ii. স্বল্প অর্থ দ্বারা অধিক দ্রব্য ক্রয়
iii. অর্থের ক্রয় ক্ষমতা হ্রাস
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও:**




২৩. উদ্দীপকে দাম শূন্য হলে সামগ্রিক যোগান কত?
(ক) ০ (খ) ৫
(গ) ১০ (ঘ) ২০

২৪. মৃদু মুদ্রাস্ফীতির সময় কে লাভবান হয়?
(ক) ঋণদাতা (খ) নির্দিষ্ট আয়ের মানুষ
(গ) বন্ড ক্রেতা (ঘ) উৎপাদনকারী

২৫. ★ কোন পরিকল্পনায় সম্মিলিত সিদ্ধান্ত প্রাধান্য পায়?
(ক) ধনতান্ত্রিক (খ) কেন্দ্রীয়
(গ) বিকেন্দ্রীয় (ঘ) প্ররোচিত

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও:**
সরকার ২০৪১ সালের মধ্যে দেশকে উচ্চ মধ্যম আয়ের দেশে পরিণত করার লক্ষ্যে ২০ বছরের একটি পরিকল্পনা গ্রহণ করেছে।

২৬. উদ্দীপকে উল্লিখিত সময়কাল নিচের কোন পরিকল্পনার সাথে সম্পৃক্ত?
(ক) বার্ষিক পরিকল্পনা (খ) স্বল্পমেয়াদি পরিকল্পনা
(গ) মধ্যমমেয়াদি পরিকল্পনা (ঘ) দীর্ঘমেয়াদি পরিকল্পনা

২৭. উদ্দীপকে উল্লিখিত পরিকল্পনার প্রধান বৈশিষ্ট্য হচ্ছে—
i. অর্থনীতির সকল চলকের লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারণ
ii. অর্থনীতির সকল খাতের অন্তর্ভুক্তি
iii. ধারাবাহিক কর্মসূচির বাস্তবায়ন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৮. ★ অর্থায়নের উৎসগুলো হচ্ছে—
i. ব্যাংক ঋণ ii. ক্ষুদ্র ঋণ iii. পুঁজিবাজার
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৯. সরকারি ব্যয়ের উদ্দেশ্য হলো—
i. মুনাফা অর্জন
ii. জনকল্যাণ iii. মানবসম্পদ উন্নয়ন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩০. ★ মুদ্রাস্ফীতির প্রধান কারণ কী?
(ক) মুদ্রা সরবরাহ বৃদ্ধি (খ) মুদ্রার চাহিদা বৃদ্ধি
(গ) আয় বৃদ্ধি (ঘ) সঞ্চয় বৃদ্ধি

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | (খ) | ২ | (গ) | ৩ | (ঘ) | ৪ | (ঘ) | ৫ | (ক) | ৬ | (ক) | ৭ | (খ) | ৮ | (ঘ) | ৯ | (খ) | ১০ | (গ) | ১১ | (খ) | ১২ | (গ) | ১৩ | (গ) | ১৪ | (গ) | ১৫ | * |
| | ১৬ | (খ) | ১৭ | (ক) | ১৮ | (খ) | ১৯ | (ঘ) | ২০ | (ক) | ২১ | (গ) | ২২ | (খ) | ২৩ | (ঘ) | ২৪ | (ঘ) | ২৫ | (খ) | ২৬ | (ঘ) | ২৭ | (গ) | ২৮ | (ঘ) | ২৯ | (গ) | ৩০ | (ক) |

নোট: * সঠিক উত্তর (-৬.৯)

https://teachingbd24.com